



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

বিষয় : পৌরসভার বিভিন্ন শূন্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠান


সূত্র: (১) নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১১.২০-১৭৪ তারিখ: ২১ মার্চ ২০২০
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১১.২০-৯৮ তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোল্লিখিত ০১নং প্রজ্ঞাপনের মাধ্যমে দেশে করোনা ভাইরাস সংক্রমণজনিত কারণে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ২নং পত্রের মাধ্যমে ঘোষিত বিগত ২৯ মার্চ ২০২০ তারিখে নির্ধারিত পৌরসভার উপনির্বাচন স্থগিত করা হয়েছিল। স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক ১০ অক্টোবর ২০২০ তারিখ শনিবার ভোটগ্রহণের দিন নির্ধারণ করত নিম্নবর্ণিত ছকের (৪) নং কলামে বর্ণিত পৌরসভার (৫) নং কলামে বর্ণিত শূন্য পদে স্থগিতকৃত উপনির্বাচন যে পর্যায় হতে স্থগিত করা হয়েছিল সে পর্যায় হতে অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

ক্রম নং	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	পদের নাম
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	সুনামগঞ্জ	জগন্নাথপুর	জগন্নাথপুর	মেয়রের শূন্য পদ
২	ঝিনাইদহ	কালীগঞ্জ	কালীগঞ্জ	৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর
৩	মাদারীপুর	মাদারীপুর	মাদারীপুর	৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর
৪	হবিগঞ্জ	মাধবপুর	মাধবপুর	১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর
৫	যশোর	চৌগাছা	চৌগাছা	৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর

২। তাছাড়া ১০ অক্টোবর ২০২০ তারিখে ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র, নির্দেশনা এবং পরবর্তীতে সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।


(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার,

.....(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারির অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট)
১৮. পুলিশ সুপার, (সংশ্লিষ্ট)
১৯. উপসচিব, (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট থানা)।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০

E-mail: sasemc1@gmail.com